রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ২৫, ২০১৯

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০৮ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ/২০ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ১৭.০০.০০০০.০৪৫.৩৮.০০১.১৮-১৩৪।**—"স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০" এর বিধি ৮৬ তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন ও বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখের নং-১০.০০.০০০০.১২৫.৯৯.০০১.১৭.১৩৩ স্মারকমূলে জারিকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত বিধিমালার বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপ-বিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act. No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত বিচারের নিমিত্ত বরগুনা জেলার আমতলী পৌরসভার মেয়র, সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর ও সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদে সাধারণ নির্বাচন এবং ঝিনাইদহ জেলার কালীগঞ্জ পৌরসভার মেয়র পদে উপনির্বাচন উপলক্ষে নিম্নবর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ২(দুই) জন কর্মকর্তা-কে ভোটগ্রহণের পূর্বের দু'দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু'দিন অর্থাৎ ২৬ ফেব্রুয়ারি, ২০১৯ হতে ০২ মার্চ, ২০১৯ তারিখ পর্যন্ত মোট ৫(পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করল :

| ক্রমিক নং | জেলা | পৌরসভা | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল |
|---|---|---|---|
| সাধারণ নির্বাচন | | | |
| ০১ | বরগুনা | আমতলী | জনাব মোঃ সাকিব হোসেন, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, আমতলী, বরগুনা |
| উপ-নির্বাচন | | | |
| ০২ | ঝিনাইদহ | কালীগঞ্জ | জনাব গৌতম কুমার ঘোষ, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঝিনাইদহ |



মূল্য : টাকা ৪.০০

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দাযিত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর বরাবরে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার এর মাধ্যমে একটি যোগদানপত্র দাখিল করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্বপালনকালে কোন নির্বাচনি অপরাধসমূহ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব(আইন) এর web mail address (ds_law@ecs.gov.bd) এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

**"ছক"**

পৌরসভার নাম :......................................................................

| ক্রম | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর | অভিযোগকারীর নাম ও ঠিকানা | যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা | অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ | অভিযোগের বিষয়ে গৃহিত ব্যবস্থার বিবরণ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

৪। দাযিত্বপ্রাপ্ত জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হলো।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ১(এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকার দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিকভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোঃ শরীফ হোসেন হায়দার**
উপসচিব (আইন)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd